গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা ভূমি অফিস
জামালপুর সদর, জামালপুর।
www.jamalpursadar.jamalpur.gov.bd

স্মারক নং- ৩১.৪৫.৩৯৩৬.০০১.০০৩.০২.২৬-০৫ তারিখ: ০৪ /০১/২০২৬ খ্রি.।

**জলমহাল ইজারা প্রদানের লক্ষ্যে আবেদন আহবান**

বিজ্ঞপ্তি নং-০২/১৪৩২

"সরকারী জলমহাল ব্যবস্থাপনা নীতিমালা, ২০০৯ অনুযায়ী" জামালপুর সদর উপজেলাধীন ইজারাযোগ্য জলমহাল (২০.০০ একরের নিম্নে বদ্ধ) ১৪৩৩-১৪৩৫ বঙ্গাব্দ ০৩ (তিন) বছর মেয়াদে (১লা বৈশাখ হতে ৩০ চৈত্র) সাধারন আবেদনের মাধ্যমে ইজারা প্রদানের লক্ষ্যে ভূমি মন্ত্রনালয়, সায়রাত-১ অধিশাখার ২৩ নভেম্বর ২০২৫ তারিখের ৩১.০০.০০০০.০০০.০৫০.৬৮.০০২৩.২৫-৭০৪ নং স্মারকে জারীকৃত প্রজ্ঞাপন অনুযায়ী নিবন্ধিত প্রকৃত মৎস্যজীবী সমবায় সমিতি/সদস্যগণের নিকট হতে নির্ধারিত সময়সূচি, নিয়মাবলি/শর্তাবলী ও চেকলিস্ট অনুসরণপূর্বক অনলাইনে আবেদন আহবান করা যাচ্ছে।

সময়সূচি:

| | | |
|---|---|---|
| ১. | অনলাইনে আবেদন দাখিল | ১৫/০১/২০২৬ খ্রি. থেকে ২৯/০১/২০২৬ খ্রি. পর্যন্ত |
| ২. | অনলাইনে দাখিলকৃত আবেদনের প্রিন্টেড কপি, দরপত্র ক্রয়ের রশিদ ও জামানতের মূল কপি সীলগালা মুখবন্ধ খামে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, জামালপুর সদর, জামালপুর এ দাখিল। | ০১/০২/২০২৬ খ্রি. থেকে ০৩/০২/২০২৬ খ্রি. পর্যন্ত ( অফিস চলাকালীন সময়ে) |

**১৪৩৩-১৪৩৫ বাংলা সন মেয়াদে ইজারাযোগ্য জলমহালের তফসিল ও ইজারামূল্য**

| ক্রমিক নং | উপজেলার নাম | জলমহালের নাম | জলমহালের আয়তন (একরে) | সম্ভাব্য সরকারি মূল্য (প্রতি বছর) | প্রস্তাবিত ইজারার মেয়াদ | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ০১। | জামালপুর সদর | গাবতলী বিল | ৫.৮৬০০ | ১,৫২,৪২২/- | ১৪৩৩-১৪৩৫ | |
| ০২। | | যোগনীদহ বিল | ১৩.০৭ | ১,০৫,০০০/- | ১৪৩৩-১৪৩৫ | |
| ০৩। | | মাইনকা বিল | ১.৫৫০০ | ৩৭৩৬/- | ১৪৩৩-১৪৩৫ | |
| ০৪। | | পাবই বিল | ৬.১২০০ | ৮৫৪০/- | ১৪৩৩-১৪৩৫ | |
| ০৫। | | চিতই বিল | ৭.১৪০০ | ৯৫৩৮/- | ১৪৩৩-১৪৩৫ | |
| ০৬। | | পাইস্কা বিল | ১৯.৪৮০০ | ৩২৫৫৯/- | ১৪৩৩-১৪৩৫ | |
| ০৭। | | কুমারিয়া (বানারের পাড় বিল) | ১৩.০২০০ | ১৯৭৫০/- | ১৪৩৩-১৪৩৫ | |
| ০৮। | | বারুল্যা বিল | ১৪.৪৫০০ | ২১৮৮৫/- | ১৪৩৩-১৪৩৫ | |
| ০৯। | | পচাবহলা | ১৪.২৭০০ | ১৮৬৮২/- | ১৪৩৩-১৪৩৫ | |
| ১০। | | বড় বাইদ (নল বাইদ) বিল | ১১.০৭০০ | ১৪৪১২/- | ১৪৩৩-১৪৩৫ | |
| ১১। | | মাগুরী বিল | ৭.০২০০ | ১০৪৬২/- | ১৪৩৩-১৪৩৫ | |
| ১২। | | বোয়ালমই বিল | ৫.২৮০০ | ৩৬৭৮৭/- | ১৪৩৩-১৪৩৫ | |
| ১৩। | | নারদা আড়াইকুড়ি বিল | ৩.৫৬০০ | ৪৫৪৩/- | ১৪৩৩-১৪৩৫ | |
| ১৪। | | নারদা বিল | ২.৭৭০০ | ৮১৭৫/- | ১৪৩৩-১৪৩৫ | |
| ১৫। | | কানকাটি বিল | ২.২৯০০ | ৪৫৪৪/- | ১৪৩৩-১৪৩৫ | |
| ১৬। | | দায়রা বিল | ১.০৭০০ | ৭২৬৮/- | ১৪৩৩-১৪৩৫ | |
| ১৭। | | চতল বিল | ১.১১০০ | ৭২৬৮/- | ১৪৩৩-১৪৩৫ | |
| ১৮। | | হুল্লির বিল | ৬.০০০০ | ৮৭৫৪/- | ১৪৩৩-১৪৩৫ | |
| ১৯। | | কাটারিয়া বিল | ৩.৮৩০০ | ৫৯৭৮/- | ১৪৩৩-১৪৩৫ | |
| ২০। | | দেলোয়া বিল | ০.৮৪০০ | ২০৮২/- | ১৪৩৩-১৪৩৫ | |
| ২১। | | নলধলী বিল | ১.১৩০০ | ৭২৬৮/- | ১৪৩৩-১৪৩৫ | |
| ২২। | | মালাজানি বিল | ১.৫৭০০ | ৭২৬৮/- | ১৪৩৩-১৪৩৫ | |

নিয়মাবলী:

০১। অনলাইনে আবেদন দাখিল সংক্রান্ত নির্দেশিকা অনুযায়ী নিবন্ধিত মৎস্যজীবী সমবায় সমিতির সভাপতি/সম্পাদককে মন্ত্রণালয়ের ওয়েবসাইট অথবা jm.lams.gov.bd লিংকে রেজিস্ট্রেশন সম্পন্ন করে অনলাইনে আবেদন দাখিল করতে হবে। এ সংক্রান্ত নির্দেশিকা উক্ত ওয়েবসাইটে আপলোড করা হয়েছে।

০২। যে সকল জলমহালের উপর উর্ধ্বতন কর্তৃপক্ষের/মন্ত্রণালয়ের স্থগিত আদেশ/সিদ্ধান্তের অপেক্ষায় অথবা কোন আদালতের স্থগিতাদেশ/নিষেধাজ্ঞা/স্থিতাবস্থার আদেশ রয়েছে সে সকল জলমহালের উপর বর্ণিত আদেশ প্রত্যাহারের পর কর্তৃপক্ষের অনুমোদন সাপেক্ষে ইজারা কার্যক্রম গ্রহণ করা হবে। এছাড়া পরবর্তীতে কোন জলমহালের উপর অনুরূপ আদেশ হলেও সংশ্লিষ্ট জলমহালের ইজারা কার্যক্রম স্থগিত থাকবে।

CamScanner

৩। জলমহালের ইজারা সংক্রান্ত বিজ্ঞপ্তিটি www.jamalpursadar.jamalpur.gov.bd ওয়েবসাইটে পাওয়া যাবে।

৪। জলমহালের আবেদন দাখিলের সকল শর্তাদি জেলা ওয়েব পোর্টাল ও উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, জামালপুর সদর, জামালপুর এর নোটিশ বোর্ড হতে জানা যাবে।

৫। অনলাইনে আবেদন দাখিলের শেষ সময়সীমার পরবর্তী ০৩ (তিন) কার্যদিবসের মধ্যে আবেদনের সকল তথ্যাদির প্রিন্টেড কপিসহ জলমহাল ইজারার জন্য জামানতের ব্যাংক ড্রাফট/পে-অর্ডারের মূল কপি সীলমুখবন্ধ খামে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, জামালপুর সদর, জামালপুর এ দাখিল করতে হবে। সীলগালাকৃত উল্লিখিত খামের উপরিভাগে 'জলমহাল ইজারা প্রাপ্তির জন্য আবেদন কথাগুলো স্পষ্টভাবে লিখতে হবে এবং খামের বাম পাশে নিম্নভাগে সমিতির নাম ও ঠিকানা লিখিত থাকতে হবে।

৬। অনলাইনে দাখিলকৃত তথ্যাদি এবং প্রিন্টেড কপি হিসেবে দাখিলকৃত তথ্যাদির মধ্যে তারতম্য পরিলক্ষিত হলে অনলাইনের তথ্যাদি সঠিক মর্মে বিবেচিত হবে।

৭। নির্ধারিত সময়ের মধ্যে অনলাইনে চূড়ান্তভাবে আবেদন দাখিল না করে সরাসরি উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে কোন আবেদনকারী সমিতি জলমহাল ইজারা পাওয়ার জন্য ম্যানুয়ালি আবেদন দাখিল করলে তা সরাসরি বাতিল বলে গণ্য হবে।

৮। কর্তৃপক্ষ কোনরূপ কারণ দর্শানো ব্যতিরেকে দরপত্র বিজ্ঞপ্তির কোন অংশ বা সম্পূর্ণ দরপত্র গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।

৪/১/২৬

(নাজনীন আখতার)
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি
জামালপুর সদর, জামালপুর।

স্মারক নং- ৩১.৪৫.৩৯৩৬.০০১.০০৩.০২.২৬-০৫ তারিখ: ০৪ /০১/২০২৬ খ্রি.।

অনুলিপি: সদয় অবগতির জন্য

১। সিনিয়র সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। চেয়ারম্যান, ভূমি সংস্কার বোর্ড, ঢাকা।
৩। বিভাগীয় কমিশনার, ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ।

অনুলিপি: সদয় অবগতি ও বহুল প্রচারের জন্য
১। পুলিশ সুপার , জামালপুর।
২। প্রশাসক, জামালপুর পৌরসভা, জামালপুর (নোটিশ বোর্ডে বহুল প্রচারের জন্য)।
৩। উপজেলা মৎস্য কর্মকর্তা/ উপজেলা সমবায় কর্মকর্তা, জামালপুর সদর, জামালপুর।
৪। সহকারী কমিশনার, আইসিটি শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, জামালপুর-এ বিজ্ঞপ্তিটি জেলা ওয়েব পোর্টালে দেয়ার অনুরোধসহ।
৫। সহকারী প্রোগ্রামার, জামালপুর সদর. জামালপুর (বিজ্ঞপ্তিটি উপজেলা ওয়েব পোর্টালে দেয়ার অনুরোধসহ)।
৬। ইউনিয়ন ভূমি সহকারী/উপসহকারী কর্মকর্তা, (সকল) ইউনিয়ন ভূমি অফিস, জামালপুর সদর, জামালপুর (নোটিশ বোর্ডে বহুল প্রচারের জন্য)।
৭। সম্পাদক, দৈনিক------------------------------------------------ জামালপুর সদর। এ সাথে প্রেরিত বিজ্ঞপ্তিটি আপনার দৈনিক পত্রিকায় ভেতরের পাতায় সীমিত পরিসরে খ্রি. তারিখে কেবলমাত্র ১ (এক) দিনের জন্য জরুরি ভিত্তিতে প্রকাশের অনুরোধসহ।
৮। নোটিশ বোর্ড।

04/01/2026

(তানভীর হায়দার)
সহকারী কমিশনার (ভূমি)
ও
সদস্য সচিব
উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি
জামালপুর সদর, জামালপুর।

CamScanner

জলমহাল/খাস পুকুর ইজারার শর্তাবলী নিম্নরূপ-

১। যিনি প্রকৃত উৎস হতে মাছ শিকার ও বিক্রয় করে জীবিকা নির্বাহ করেন তিনি প্রকৃত মৎস্যজীবী বলে গণ্য হবেন।
২। সমবায় অথবা সমাজসেবা অধিদপ্তর হতে নিবন্ধিত প্রকৃত মৎস্যজীবী সংগঠন জলমহাল/খাস পুকুর ইজারা ডাকে অংশগ্রহন করতে পারবেন। কোন ব্যক্তি বা অনিবন্ধিত সমিতি সরকারী জলমহাল/খাস পুকুর ইজারা ডাকে অংশগ্রহণ করতে পারবেন না।
৩। 'জাল যার জলা তার' এ নীতির আলোকে নির্দিষ্ট জলমহালের নিকটবর্তী বা তীরবর্তী প্রকৃত মৎস্যজীবীদের সমিতি বা সমবায় সমাজসেবা অধিদপ্তর কর্তৃক নিবন্ধিত সে সকল সমিতি সমূহ নির্দিষ্ট জলমহাল ইজারার জন্য আবেদন করতে পারবেন।
৪। জলমহাল ইজারা প্রাপ্তির জন্য আবেদনকারী সমিতি বর্তমানে কার্যকর আছে তার প্রমাণস্বরূপ উপজেলা সমবায়/সমাজসেবা কর্মকর্তার প্রত্যয়নপত্রসহ বিগত ০২ (দুই) বছরের অডিট রিপোর্ট দরপত্রের সাথে দাখিল করতে হবে। নতুন নিবন্ধিত মৎস্যজীবী সমিতির ক্ষেত্রে এ ধরনের প্রত্যয়ন বা অডিট রিপোর্ট প্রযোজ্য হবেনা।
৫। আবেদনের সাথে সমিতির সদস্যদের তালিকা (ঠিকানাসহ) এবং নির্বাচিত কার্যকরী কমিটি সদস্যদের নামের তালিকা সংযুক্ত করতে হবে।
৬। ইজারা গ্রহণে আগ্রহী নিবন্ধিত প্রকৃত মৎস্যজীবী সংগঠনকে উপজেলা ব্যবস্থাপনা কমিটির সদস্য সচিবের সীল সম্বলীত স্বাক্ষরযুক্ত নির্দিষ্ট আবেদন ফরমে আবেদন করতে হবে।
৭। কোন সমিতি ইজারা মূল্য পরিশোধে খেলাপি হলে অথবা জলমহাল সংক্রান্ত কোন সার্টিফিকেট মামলা কিংবা জলমহাল বিষয়ে কোন আদালতে মামলা থাকলে সমিতি ইজারার জন্য যোগ্য বলে বিবেচিত হবেন না।
৮। কোন মৎস্যজীবী সমবায় সমিতি বাংলা বছরের যে কোন সময় ইজারা গ্রহণ করলেও ঐ বছরের ১লা বৈশাখ হতে ইজারা গ্রহণ করেছেন মর্মে গণ্য হবেন।
৯। উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় ও উপজেলা ভূমি অফিসে অফিস চলাকালীন সময়ে ৫০০/- (পাঁচশত) টাকার বিনিময়ে (অফেরৎযোগ্য) দরপত্র/আবেদন ফরম ক্রয় করা যাবে।
১০। কোন অসম্পূর্ন/ত্রুটিপূর্ন আবেদন গ্রহনযোগ্য হবেনা।
১১। সময়মতো লীজমানি পরিশোধ না করায়, তথ্য গোপন করায় কিংবা অন্য কোন অনিয়মের কারনে উপজেলা নির্বাহী অফিসার ইজারা বাতিল করতে পারবেন এবং বাতিলকৃত জলমহাল পুনরায় যথানিয়মে প্রদান করতে পারবেন।
১২। কোন সমিতি বা সংগঠন বরাবরে কোন জলমহাল ইজারা প্রদানের জন্য উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি কর্তৃক সিদ্ধান্ত গ্রহণ করা হলে সিদ্ধান্ত গ্রহণের ১৫ (পনের) দিনের মধ্যে ইজারাকৃত অর্থের ১ম কিস্তির টাকা সমুদয় ভ্যাট ও আয়কর সংশ্লিষ্ট হিসাবে চালানের মাধ্যমে জমা প্রদান করে চালানের মূল কপি উপজেলা ভূমি অফিস, জামালপুর সদর-এ জমাপ্রদান করতে হবে।
১৩। দরপত্র/আবেদনপত্রের সাথে প্রস্তাবিত ডাককৃত ইজারা মূল্যের ১৫% ভ্যাট ও ১০% আয়কর বাবদ সংশ্লিষ্ট কোড-এ এককালীন সমুদয় অর্থ পরিশোধ করতে হবে। কোন ভাবেই ভ্যাট ও আয়কর বাবদ অর্থের কিস্তি গ্রহণযোগ্য নয়।
১৪। দরপত্র/আবেদনপত্রের সাথে প্রস্তাবিত ইজারা মূল্যের ২০% টাকার সরকারী কোন তফসিলী ব্যাংক ড্রাফট/পে-অর্ডার এর মাধ্যমে জামানত বাবদ জমা প্রদান করতে হবে। লীজ প্রাপ্ত সমিতি শেষ কিস্তির ইজারা মূল্যের সাথে সমন্বয় করা যাবে। লীজ প্রাপ্ত হয়নি এমন সমিতির ব্যাংক ড্রাফট ফেরৎ প্রদান করা হবে।
১৫। কোন মৎস্যজীবী সমবায় সমিতি/সংগঠন আবেদনের সাথে ০২ (দুই) টির বেশি জলমহাল ইজারা গ্রহণ করতে পারবেন না।
১৬। ইজারাকৃত জলমহাল কোন অবস্থাতেই সাব-লীজ দেওয়া যাবে না। যদি সাব-লীজ দেওয়া হয়েছে প্রমাণিত হয় তবে সাথে সাথে ইজারাদেশ বাতিল বলে গণ্য হবে এবং জামানতসহ জমাকৃত অর্থ সরকারের অনুকূলে বাজেয়াপ্ত হবে। উক্ত লীজ গ্রহীতা সমবায় সমিতি/সংগঠন পরবর্তী বছর কোন জলমহালে বন্দোবস্ত প্রাপ্তির কোন আবেদন করতে পারবেন না।
১৭। ইজারার মেয়াদ শেষ হওয়ার সাথে সাথে সংশ্লিষ্ট জলমহালের উপর ইজারা গ্রহীতার সকল অধিকার বিলুপ্ত হবে। ইজারার মেয়াদ শেষে কোন জলমহালের উপর ইজারা গ্রহীতার কোন প্রকার দাবী, অধিকার, স্বত্ব ও দখল স্বয়ংক্রিয়ভাবে উপজেলা নির্বাহী অফিসার ও সভাপতি জলমহাল ব্যবস্থাপনা কমিটি, জামালপুর সদর, জামালপুর এর উপর ন্যস্ত হবে।
১৮। বন্দোবস্তকৃত/ইজারাকৃত জলমহালের কোথাও প্রবাহমান প্রাকৃতিক পানি আটকে রাখা যাবে না।
১৯। যে সকল জলমহাল থেকে (নদী, হাওর, খাল ইত্যাদি) জমিতে সেচ প্রদানের সুযোগ রয়েছে, সেখান থেকে সেচ মৌসুমে সেচ প্রদান বিঘ্নিত করা যাবে এবং ইজারাকৃত জলমহালের চাষের ক্ষতি না করে পরিমিত পর্যায়ে সেচ কার্যক্রম পরিচালনায় সুযোগ থাকবে।
২০। বর্ষা মৌসুমে যখন ইজারাকৃত জলাশয় সংলগ্ন প্লাবন ভূমির সাথে প্লাবিত হয়ে এক জলাশয়ে রূপান্তরিত হয় তখন কেবলমাত্র ইজারাকৃত জলাশয়ের সীমানার ভিতর মৎস্য আহরণ অধিকার বলবৎ থাকবে।
২১। ইজারাকৃত জলমহালে কোন রাক্ষুসে মাছ চাষ ও পরিবেশ ও প্রতিবেশের কোন ক্ষতি হয় এরূপ কোন কার্যক্রম পরিচালনা করা যাবে না।
২২। কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন আবেদন গ্রহণ ও বাতিলের ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

৪/২/২৬

(নাজনীন আখতার)
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি
জামালপুর সদর, জামালপুর।

CamScanner

**সাধারণ আবেদনে ১৪৩৩-১৪৩৫ বঙ্গাব্দ মেয়াদে জলমহাল ইজারা সংক্রান্ত অনলাইনে আবেদন দাখিলের ক্ষেত্রে প্রয়োজনীয় কাগজপত্রাদির চেকলিস্ট:**

সরকারী ব্যবস্থাপনা নীতি, ২০০৯ অনুযায়ী নিম্নবর্ণিত চেকলিষ্ট অনুসরণপূর্বক অনলাইনে সাধারণ আবেদনে জলমহাল ইজারার আবেদন দাখিল করার জন্য অনুরোধ করা হলোঃ

(ক) আবেদনকারী মৎস্যজীবী সংগঠন/সমিতির নাম ও ঠিকানা;
(খ) প্রকৃত মৎস্যজীবী সমবায় সমিতির নিবন্ধন সনদ (রেজিষ্ট্রেশন) এর সত্যায়িত কপি;
(গ) সংগঠন/সমিতির গঠনতন্ত্র (সত্যায়িত);
(ঘ) নির্বাচিত সভাপতি ও সাধারন সম্পাদকের নাম ও ঠিকানা (ছবিসহ) এবং সভার কার্যবিবরণী;
(ঙ) নিবন্ধিত প্রকৃত মৎস্যজীবী সমবায় সমিতির সকল সদস্যদের নামের তালিকা (ঠিকানা ও ছবিসহ) এবং নির্বাচিত নির্বাহী/কার্যকরী কমিটির তালিকা (ঠিকানা ও ছবিসহ);
(চ) জলমহালের মৎস্য চাষ/উৎপাদন/সুষ্ঠু ব্যবস্থপনার পরিকল্পনা/রূপরেখা;
(ছ) ব্যাংক সলভেন্সি সার্টিফিকেট (ব্যাংক রুলস অনুসারে);
(জ) অডিট রিপোর্ট (প্রযোজ্য ক্ষেত্রে);
(ঝ) টিআইএন নম্বর (যদি থাকে উপর্যুক্ত কর্তৃপক্ষের প্রত্যয়নপত্র সংযোজন করতে হবে;
(ঞ) ইতোপূর্বে জলমহাল বন্দোবস্ত নিয়েছে কিনা, নিয়ে থাকলে, কোন রাজস্ব বকেয়া আছে কিনা;
(ট) সভাপতি, সম্পাদক ও উক্ত সমিতির বিরুদ্ধে কোন সার্টিফিকেট মামলা আছে কিনা উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক প্রত্যয়নপত্র;
(ঠ) মৎস্যজীবী সদস্যদের জাতীয় পরিচয়পত্র (সত্যায়িত);
ড) আবেদনকারী সমিতির প্রত্যেক সদস্য প্রকৃত মৎস্যজীবী মর্মে উপজেলা মৎস্য কর্মকর্তা কর্তৃক প্রত্যয়নপত্র;
(ঢ) উপজেলা নির্বাহী অফিসার বরাবর প্রদেয় জামানত বাবদ ইজারা মূল্যের ২০% ব্যাংক ড্রাফট/পে-অর্ডার;
(ণ) মূসক নিবন্ধন সার্টিফিকেট (মূসক-৮);

08/02/2026

(তানভীর হায়দার)
সহকারী কমিশনার (ভূমি)
ও
সদস্য সচিব
উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি
জামালপুর সদর, জামালপুর।

CamScanner